কালের কণ্ঠ

তারিখ ..2.6.NOV. 2015........
পৃষ্ঠা ...১৯... কলাম....২......

বরিশাল পলিটেকনিক

# ছাত্রলীগে সংঘর্ষ আহত ৩

**বরিশাল অফিস ▷**

বরিশাল সরকারি পলিটেকনিক কলেজে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে এক নারীসহ তিনজন আহত হয়েছে। কলেজে ছাত্রলীগের দুই পক্ষের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মঙ্গলবার রাতে ওই ঘটনা ঘটে।

আহতরা হলো পলিটেকনিক কলেজসংলগ্ন এলাকার বাসিন্দা শাহিনুর বেগম, পলিটেকনিক কলেজের মেকানিক্যাল চতুর্থ বর্ষের ছাত্র নিশাদ ও নাইম। তাঁদের বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, কলেজ এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে মঙ্গলবার রাত ৮টার দিকে দুই পক্ষে সংঘর্ষ হয়। তাতে কলেজের দুই শিক্ষার্থী গুরুতর আহত হয়। এ সময় তাদের ছোড়া ইটের আঘাতে কলেজ এলাকার বাসিন্দা শাহিনুর বেগম আহত হন।

হোস্টেল সুপার শাখাওয়াত হোসেন জানান, রাতে হোস্টেলে নবীনবরণ অনুষ্ঠান ছিল। ছাত্রলীগের কলেজ শাখার শেখ সাদী ও নিশাদ গ্রুপের মধ্যে বিরোধ দেখা দেয়। এর জের ধরে দুই পক্ষে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।